

💵 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৪০। মহান আল্লাহর নির্দেশ বাস্তবায়ন করা যদিও তা বিবেক সম্মত না হয়।

মহান আল্লাহর নির্দেশ বাস্তবায়ন করা যদিও তা বিবেক সম্মত না হয়। যেমন- নূহ (আঃ) শুকনো পাড়ে নৌকা তৈরি করেন, ইব্রাহিম (আঃ) স্ত্রী-পুত্রকে মানবহীন স্থানে রেখে আসেন, যেখানে কোন তরুলতাও ছিল না। আর আল্লাহ মূসা (আঃ)-কে সাপ ধরতে এবং সমুদ্রের পানির উপর প্রহার করতে আদেশ দেন এবং তিনি তা বাস্তবায়ন করেন।

]امتثال أوامر الله عز وجل وإن كانت على خلاف العقل:

كما صنع نوح _ صلى الله عليه وسلم _ السفينة على اليابسة، وترك إبراهيم _ صلى الله عليه وسلم _ زوجته وولده بواد غير ذي زرع، وأمر الله موسى _ صلى الله عليه وسلم _ بأخذ الحية، وضرّب البحر فَفَعل. [

আল্লাহ তা'আলা বলেন:

(وَيَصنْنَعُ الْفُلْكَ وَكُلَّمَا مَرَّ عَلَيْهِ مَلَأٌ مِنْ قَوْمِهِ سَخِرُوا مِنْهُ قَالَ إِنْ تَسْخَرُوا مِنَّا فَإِنَّا نَسْخَرُ مِنْكُمْ كَمَا تَسْخَرُونَ (38)) ... [هود: 38].

'আর তিনি নৌকা তৈরী করতে লাগলেন এবং যখনই তার কওমের নেতৃস্থানীয় কোন ব্যক্তি তার পাশ দিয়ে যেত, তাকে নিয়ে উপহাস করত। তিনি বললেন, যদি তোমরা আমাদের নিয়ে উপহাস কর, তবে আমরাও তোমাদের নিয়ে উপহাস করব, যেমন তোমরা উপহাস করছ' (সূরা হূদ: ৩৮)।

আল্লাহ তা'আলা আরও বলেন:

(رَبَّنَا إِنِّي أَسْكَنْتُ مِنْ ذُرِيَّتِي بِوَادٍ غَيْرِ ذِي زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ رَبَّنَا لِيُقِيمُوا الصَّلَاةَ) ... [إبراهيم: 37] 'হে আমাদের রব! নিশ্চয় আমি আমার কিছু বংশধরদেরকে ফসলহীন উপত্যকায় তোমার পবিত্র ঘরের নিকট বসতি স্থাপন করালাম, হে আমাদের রব! যাতে তারা ছালাত কায়েম করে' (সূরা ইব্রাহীম: ৩৭)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(وَمَا تِلْكَ بِيَمِينِكَ يَامُوسَى (17) قَالَ هِيَ عَصَايَ أَتَوَكَّأُ عَلَيْهَا وَأَهُشُّ بِهَا عَلَى غَنَمِي وَلِيَ فِيهَا مَآرِبُ أُخْرَى (18) قَالَ أَلْقِهَا يَامُوسَى (19) فَأَلْقَاهَا فَإِذَا هِيَ حَيَّةٌ تَسْعَى (20) قَالَ خُذْهَا وَلَا تَخَفْ سَنُعِيدُهَا سِيرَتَهَا الْأُولَى (21)) ...[طه: 17 _ 21]

'আর হে মূসা! তোমার ডান হাতে ওটা কি? (১৭) তিনি বললেন, 'এটি আমার লাঠি; আমি এর উপর ভর করি, এটি দিয়ে আমি আমার মেষপালের জন্য গাছের পাতা পাড়ি এবং এটি আমার আরো অনেক কাজে লাগে।' (১৮)



তিনি বললেন, 'হে মূসা! ওটা ফেলে দাও।' (১৯) অতঃপর তিনি তা ফেলে দিলেন; অমনি সেটা সাপ হয়ে ছুটতে লাগল। (২০) তিনি বললেন, ওটা ধর এবং ভয় কর না, আমি ওকে ওর পূর্বের অবস্থায় ফিরিয়ে দেব' (সূরা ত্বহা: ১৭-২১)। আল্লাহ তা'আলা আরও বলেন:

.. [الشعراء: 63] ... [الشعرا

Source — https://www.hadithbd.com/books/link/?id=9381

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন